জীবননগরে বৃক্ষ রোপন কর্মসূচি পালিত

জীবননগরে বৃক্ষ রোপন কর্মসূচি পালিত হয়েছে । সোমবার সকাল সাড়ে ১০টার সময় সেচ্ছাসেবী সংগঠন বন্ধু রক্তদান কেন্দ্রে.এফ,এস,ই ও এবং ইয়ুথ এ্যাসেম্বলির আয়োজনে জীবননগর উপজেলার সীমান্ত ইউনিয়নের গঙ্গাদাশপুর গ্রামে পরিত্যাক্ত রাস্তার পাশে ফলজ ,বনজ ও ঔষধী গাছ রোপন করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা নির্বাহী অফিসার এস এম মুনিম লিংকন,জীবননগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি)সাইফুল ইসলাম,জীবননগর থানার ওসি তদন্ত ফেরদৌস ওয়াহিদ,সীমান্ত ইউপি চেয়ারম্যান মঈন উদ্দিন ময়েন,বন্ধু রক্তদান কেন্দ্র ও ইয়ুথ এ্যাসেম্বলির সভাপতিমিথুন মাহমুদ,এফ,এস,ই ওর সভাপতি তুহিন হোসেন ,ইয়ুথ এ্যাসেম্বলির যুগ্ন আহবায়ক মিসকাতুর রহমান রাজিব, নিশান আহম্মেদ ,লাবনী জামান,সাদিয়া ,রিয়াজ হোসেন,আশিক ,জাহিদ,তৌফিকসহ বিভিন্ন সেচ্ছাসেবী সংগঠনের সদস্যরা উপস্থিত ছিলেন ।

মুজিবনগরে নবাগত জেলা প্রশাসকের মতবিনিময় সভা

মুজিবনগরে মেহেরপুর জেলায় নবযোগদান কৃত জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান মুজিবনগর উপজেলার জনপ্রতিনিধি,সরকারি কর্মকর্তা,বীর মুক্তিযোদ্ধা,সুধিজন ও সাংবাদিকদের সাথে মতবিনিময় সভা করেছেন।

এ মতবিনিময় সভা উপলক্ষে সোমবার সকাল এগারোটার দিকে মুজিবনগর কমপ্লেক্স পর্যটন মোটেলে একটি অনুষ্ঠানের আয়োজন করা হয়।মত বিনিময় অনুষ্ঠানে মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার উসমান গনি’র সভাপত্বিতে প্রধান অতিথি হিসাবে উপস্হিত ছিলেন ড.মোহাম্মদ মুনসুর আলম খান।

উপস্হিত ছিলেন মুজিবনগর উপজেলা উপজেলা আওয়ামীলীগের সভাপতি ও উপজেলা চেয়ারম্যান জিয়াউদ্দীন বিশ্বাস,মুজিবনগর থানা অফিসার ইনচার্জ (ওসি) আব্দুল হাশেম,মুজিবনগর উপজেলা ভাইস চেয়ারম্যান আফরোজা খাতুন,মহাজনপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আমাম হোসেন মিলু,

জেলা আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক ও বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আয়ুব হোসেন,দারিয়াপুর ইউপি চেয়ারম্যান তৌফিকুল বারি বকুল,মোনাখালি ইউপি চেয়ারম্যান মফিজুর রহমানসহ উপজেলার বীর মুক্তিযোদ্ধা বৃন্দ,উপজেলার সরকারি কর্মকর্তা বৃন্দ,সুধিজন উপস্থিত ছিলেন।
অনুষ্ঠানের সনচালনা করেন উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বিপ্লব কুমার কুন্ডু।

গাংনীতে দ্রুতগামী মোটরসাইকেলের ধাক্কায় বৃদ্ধা আহত

মেহেরপুরের গাংনীতে দ্রুতগামী মোটরসাইকেলের ধাক্কায় জোহরা খাতুন নামের এক বৃদ্ধা আহত হয়েছেন। সোমবার বেলা ১১ টার সময় গাংনী উপজেলার রায়পুর বাজারের করিমপুর নামক স্থানে এ দুর্ঘটনা ঘটে। আহত বৃদ্ধা জুগিরঘোপা গ্রামের মুরাদ সরদারের স্ত্রী।

স্থানীয়রা জানান, বৃদ্ধা জোহরা খাতুন ৫০ রায়পুর বাজারের করিমপুর নামক স্থানে রাস্তা পার হতে গেলে বিপরীত দিক থেকে চঞ্চল নামক এক যুবক মোটরসাইকেল তাকে ধাক্কা দিলে সে ছিটকে পড়ে যায়। এ সময় বৃদ্ধার মাথায় প্রচন্ড আঘাত পেলে বৃদ্ধা জ্ঞান হারিয়ে ফেলে। স্থানীয়রা তাকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করে। বিদ্যার অবস্থা আশঙ্কাজনক হওয়ায় কর্তব্যরতচিকিৎসক ডাক্তার বিডি দাস তাকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার করেন।

গাংনী থানার ওসি ওবায়দুর রহমান জানান মোটরসাইকেলের ধাক্কায় এক বৃদ্ধার আহত হওয়ার ঘটনা শুনে সাথে সাথে পুলিশ পাঠানো হয়েছিল। বৃদ্ধা মহিলাকে চিকিৎসা দিতে পুলিশ সার্বিক সহযোগিতা করেছে।

না ফেরার দেশে নওগাঁর এমপি ইসরাফিল

নওগাঁ জেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ও নওগাঁ-৬ (আত্রাই-রানীনগর) আসনের এমপি ইসরাফিল আলম ১১ দিন চিকিৎসাধীন থাকার পর অবশেষে মারা গেলেন।

সোমবার সকাল সোয়া ৬টার দিকে ঢাকার স্কয়ার হাসপাতালে চিকিৎসাধীন তিনি মৃত্যুবরণ করেন (ইন্না লিল্লাহি … রাজিউন)।

তীব্র শ্বাসকষ্ট নিয়ে তিনি গত ১৭ জুলাই থেকে স্কয়ার হাসপাতালে ভেন্টিলেশনে ছিলেন। তিনি স্ত্রী, দুই মেয়ে ও এক ছেলেসহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

রানীনগর উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা আওয়ামী লীগের সহসভাপতি আনোয়ার হোসেন হেলাল যুগান্তরকে বলেন, গত ৬ জুলাই অসুস্থতা নিয়ে তিনি প্রথম ঢাকার স্কয়ার হাসপাতালে ভর্তি হয়েছিলেন। তখন তার করোনা ধরা পড়ে। সেখানে কিছু দিন চিকিৎসা নেয়ার পর তিনি বাড়ি চলে যান। পরে পরীক্ষা করে করোনা নেগেটিভ আসে। এ অবস্থায় গত ১৭ জুলাই আবার অসুস্থ হয়ে পড়লে তাকে স্কয়ার হাসপাতালে ভর্তি করা হয়। গত শুক্রবার রাত ১১টা দিকে তার প্রচণ্ড শ্বাসকষ্ট দেখা দিলে তাকে ভেন্টিলেশন সাপোর্ট দেয়া হয়।

তিনি বলেন, বাড়িতে নিয়ে আসার পর ১৭ জুলাই তার কাশির সঙ্গে রক্ত আসে। ওই দিন আমরা তাকে রাজধানীর স্কয়ার হাসপাতালে ভর্তি করা হয়। তার অবস্থা খুবই সংকটাপন্ন বলে চিকিৎসকরা জানিয়েছিলেন। সোমবার সকালে তিনি হাসপাতালে চিকিৎসাধীন মারা যান।

উল্লেখ্য, ১৯৬৭ সালে রানীনগর উপজেলার গোনা ইউনিয়নের ঝিনা গ্রামে

জন্মগ্রহণ করেন। ২০০৮ সালে আওয়ামী লীগ থেকে মনোনয়ন পেয়ে বিপুল ভোটে বিজয়ী হন তৎকালীন ঢাকা মহানগর শ্রমিক লীগের সাধারণ সম্পাদক ইসরাফিল আলম। তার প্রতিদ্বন্দ্বী ছিলেন সাবেক প্রতিমন্ত্রী আলমগীর কবীরের ছোট ভাই বিএনপির কেন্দ্রীয় কমিটির সদস্য মুক্তিযোদ্ধা আনোয়ার হোসেন বুলু।

এর পর ২০১৪ সালে দশম জাতীয় সংসদে বিনা প্রতিদ্বন্দ্বিতায় এবং একাদশে সাবেক প্রতিমন্ত্রী আলমগীর কবীরকে পরাজিত করে নির্বাচিত হন ইসরাফিল আলম।

সূত্র- যুগান্তর

পেরেকের বিষে জর্জরিত গাছ!

গাছ মানুষের পরম বন্ধু। গাছ যেমন পরিবেশের ভারসাম্য রক্ষা করে, তেমনি আর্থিকভাবেও উপকার করে। কিন্তু আমরা গাছের সঙ্গে নিষ্ঠুর আচরণ করে থাকি। প্রয়োজনে অপ্রয়োজনে গাছকে হত্যা করার অলিখিত প্রতিযোগিতা চলছে যেন সর্বত্র। এ রকমই এক প্রতিযোগিতা চলছে মেহেরপুরে।
গাছে সাইনবোর্ড লাগানো দণ্ডনীয় অপরাধ। এই আইনের আওতায় জেল জরিমানা বিধান থাকলেও বাস্তবায়নে তেমন কোন উদ্যোগ দেখা যায় না। মেহেরপুরের সড়ক-মহাসড়কের পাশের সরকারি গাছে গাছে ঝুলছে বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠান, ব্যবসা প্রতিষ্ঠান, চিকিৎসক ও বিভিন্ন রাজনৈতিক দলের নেতা-কর্মীদের প্রচার-প্রচারণার অসংখ্য সাইনবোর্ড-ব্যানার-ফেস্টুন ও বিজ্ঞাপন। পিছিয়ে নেই বিভিন্ন মেডিক্যাল কলেজ ও বিশ্ববিদ্যালয়ের ভর্তি কোচিং সেন্টারগুলোও। এসব ব্যানার, ফেস্টুন, বিজ্ঞাপন ঝোলানো হয়েছে পেরেক ঠুকে। একেকটি গাছ যেন একেকটি বিজ্ঞাপন বোর্ড। এভাবে গাছে পেরেক ঠোকা হচ্ছে, অথচ তা দেখার কেউ নেই। আসলে কারও এ বিষয়ে কোনো মাথাব্যথাই নেই।
শুধু মেহেরপুরের প্রধান সড়ক গুলোতে নয়, গ্রামের অলিগলির সরকারি বেসরকারি গাছে এ পরিস্থিতি বিরাজ করছে। পোস্টার, ব্যানার ও বিজ্ঞাপনে এমনভাবে ছেয়ে গেছে যে কোনটা কোন গাছ, তা আর চেনার

কয়েকবার পদক্ষেপ নিয়েছি। কিন্তু রাজনৈতিক প্রেক্ষাপটে এটা নিয়ে সাফল্য অর্জন করতে পারিনি। ২০১৯ সালেও একবার উদ্যোগ গ্রহ করেছিলাম গাছে গাছে পোস্টার লাগানোর বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার জন্য। কিন্তু শেষমেশ কার্যকর হয়নি। মূলত সামাজিক দায়বদ্ধতা থেকে আমাদের সকলকেই এর বিরুদ্ধে সোচ্চার হতে হবে। শুধু প্রশাসনিক তৎপরতা থাকলেই কিন্তু পোস্টার লাগানো বিরত থাকবে না। প্রশাসনের পাশাপাশি নাগরিক সচেতনতাই পারে গাছকে পোস্টার মুক্ত রাখতে।

কুমারখালীতে ভুয়া কাজী শরিফুলের বিরুদ্ধে বিভিন্ন অভিযোগ

কুষ্টিয়ার কুমারখালী উপজেলায় অবৈধভাবে বিয়ে, তালাক ও একাধিক বাল্যবিবাহ রেজিস্ট্রি করার অভিযোগ পাওয়া গেছে ভুয়া কাজী শরিফুল ইসলাম হেলালীর বিরুদ্ধে। এমনকি নিজের মেয়ের বিয়েও রেজিস্ট্রেশন করেছেন তিনি।
শরিফুল ইসলাম হেলালী উপজেলার চাপড়া ইউনিয়নের ধর্মপাড়া গ্রামের মৃত আমিনুল ইসলামের ছেলে। তিনি ভালুকা শহীদ বালিকা মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক ও চাপড়া জামে মসজিদের ইমাম।
ভুয়া কাজী শরিফুলের বিরুদ্ধে উপজেলা নির্বাহী অফিসারের বরাবর লিখিত অভিযোগ দেন চাপড়া ইউনিয়নের রেজিস্ট্রার কাজী তৌহিদুল ইসলাম তুহিন ও যদুবয়বা ইউনিয়নের কাজী রেজাউল করিম। তাদের অভিযোগের প্রেক্ষিতে রোববার সকালে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে শুনানি অনুষ্ঠিত হয়।
শুনানিতে অভিযোগের কথা স্বীকার করে ভুয়া কাজী শরিফুল ইসলাম হেলালী বলেন, দীর্ঘদিন ধরে বিয়ে রেজিস্ট্রেশন করে আসছি। আমার ভুল হয়েছে। আমি আর এমন কাজ করব না।
তিনি আরও বলেন, আমার মেয়ের বিয়েতেও ভুয়া কাবিননামা তৈরি করেছি।এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার রাজীবুল ইসলাম খান বলেন, কাজীদের লিখিত অভিযোগের প্রেক্ষিতে আজ (গতকাল) শুনানি অনুষ্ঠিত হয়। শুনানিতে অভিযুক্ত ব্যক্তি দোষ স্বীকার করে কিন্তু হাতেনাতে

ধরতে না পাড়ায় এ ধরনের কাজ আর করবে না, এই মর্মে মুচলেকা নিয়ে ছেড়ে দেয়া হয়।
তিনি আরও বলেন, বিষয়টি দীর্ঘদিনের হওয়ায় অধিকতর তদন্তের বিষয়। তাই আসল কাজীদের আইনের আশ্রয় নেয়ার পরামর্শ দেয়া হয়েছে।

ড্রাগন চাষে স্বপ্নে বিভোর কুষ্টিয়ার আসাদ

ড্রাগন চাষ করে আলোর মুখ দেখার অপেক্ষায় রয়েছে কুষ্টিয়ার মিরপুর উপজেলার হাজরাহাটি এলাকার কৃষক মো: আসাদ আলী।
২০১৯ সালের শেষের দিকে দেড় বিঘা জমিতে পরীক্ষামূলকভাবে ড্রাগনের চাষ শুরু করেন তিনি। ইতোমধ্যে কয়েকটি গাছে ফুল আসতে শুরু করেছে। পানের ব্যবসা করতে গিয়ে লোকসান গুনতে হয়েছে বেশ কয়েকবার। এমন সময় ইউটিউব চ্যানেলে ড্রাগন চাষ দেখে উদ্বুদ্ধ হয়ে দেশের মাটিতে বিদেশি ফলের চাষ করে সফল হওয়ার স্বপ্নে বিভোর তিনি। ইউটিউব আর এক বন্ধুর পরামর্শে শুরু করেন এই ড্রাগন চাষ।
সম্প্রতি সরেজমিনে গিয়ে দেখা যায়, সারিসারি করে খুঁটি (পাথর সিমেন্ট ঢালাই) বেয়ে ড্রাগন গাছ বেড়ে উঠেছে। খুঁটির মাথার উপর আবার চারকোনা আকৃতি রডের বৃত্তাকার করে টায়ার দিয়ে ঘেরা। একেকটা খুঁটির চারপাশে চারটি করে ড্রাগনের গাছ লাগানো আছে। সেগুলোই ধীরে ধীরে বেড়ে উঠেছে।
ড্রাগন বাগানে পরিচর্যায় ব্যস্ত কৃষক আসাদ। তার ড্রাগন বাগানে দেড় বিঘা জমিতে ২২৫ টি খুঁটি রয়েছে। প্রতিটি খুঁটির সাথে ৪-৫ টি চারা রোপণ করা। এখন যত্ন শেষে গাছগুলো খুঁটি পর্যন্ত উঠে গেছে। সাত ফিট এই খুঁটি মাটিতে দুই ফিট দেওয়া (পোঁতা) আছে।
লাগানোর পর থেকে নিজেই শ্রম দিয়ে যাচ্ছেন প্রতিনিয়ত। আর এই কাজে সহযোগিতা করেন স্ত্রী ও সন্তান।
কৃষক মো: আসাদ আলী জানান, ইউটিউব চ্যানেলে ড্রাগন চাষ দেখে আমি উদ্বুদ্ধ হই। এরপর ঝিনাইদহের এক বন্ধুর পরামর্শে সেখানকার ড্রাগন বাগান ঘুরে ঘুরে জ্ঞান লাভ করি। আবার সেখান থেকেই চারা কিনে শুরু করি বাগান।
ইতোমধ্যে দুই লাখ টাকা খরচ হয়েছে। এছাড়াও আমি প্রতিনিয়ত শ্রম

দিয়ে যাচ্ছি। আগামী কয়েক মাসের মধ্যে ড্রাগন বিক্রি হবে বলে আশা করছি। আমার এই বাগানে জৈব সার বেশি লাগে। রাসায়নিক সার কম লাগে। তিনি জানান, আমাকে এই বাগান করতে কৃষি অফিসসহ স্থানীয় সেতু এনজিওর নির্বাহী পরিচালক সহযোগিতা করেছেন।
উপসহকারী কৃষি অফিসার মাহিরুল ইসলাম জানান, এই ফল চাষ করতে জৈব সার একটু বেশি লাগে। রাসায়নিক সার কম লাগে। আমরা তাঁকে ভার্মি কম্পোস্ট করতে সহায়তা করবো। এছাড়াও প্রতিনিয়ত তাঁর বাগানে গিয়ে পরামর্শ প্রদান করি। অধিক লাভ হয় বলে অনেকেই এই ফল চাষে আগ্রহী হচ্ছেন বলেও জানান তিনি।
মিরপুর উপজেলা কৃষি অফিসার রমেশ চন্দ্র ঘোষ জানান, ড্রাগন একটি পুষ্টিকর ফল। এ ফলে রয়েছে অধিক পরিমাণে রোগ প্রতিরোধ ক্ষমতা। কৃষক আসাদ আলী পরীক্ষামূলকভাবে দেড় বিঘা জমিতে ২২৫ টি খুঁটি করে ড্রাগনের চাষ করে সফলতা পেতে শুরু করেছে।
কৃষক আসাদ আলীর এই ড্রাগন ফলের চাষে সহায়তা হিসেবে ওয়াটার পাম্প, পাইপসহ বিভিন্ন সরঞ্জামাদী প্রদান করেছি।

কুষ্টিয়ায় যাত্রীবাহী বাস খাদে পড়ে আহত ১৫

কুষ্টিয়ার মিরপুর উপজেলায় একটি যাত্রীবাহী বাস নিয়ন্ত্রণ হারিয়ে খাদে পড়েছে। এ ঘটনায় বাসের প্রায় ১৫ যাত্রী আহত হয়েছে।
রবিবার বেলা সোয়া ৩ টার দিকে কুষ্টিয়া-পাবনা মহাসড়কের সাহেবনগর এলাকায় এ দুর্ঘটনা ঘটে।
মিরপুর থানা-পুলিশের উপ-পুলিশ পরিদর্শক এসআই আতিক জানান, পাবনা থেকে ছেড়ে আসা কুষ্টিয়াগামী যাত্রীবাহী বাসটি ঘটনাস্থানে পৌঁছালে নিয়ন্ত্রণ হারিয়ে পাশের পানি ভর্তি খাদে পড়ে যায়। সংবাদ পেয়ে পুলিশ ঘটনাস্থলে গিয়ে দুর্ঘটনা শিকার গুরুতর আহত ১৫ জনকে উদ্ধার করেছে। পরে তাদের উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে এবং কুষ্টিয়া জেনারেল হাসপাতালে প্রেরণ করা হয়।
উদ্ধার তৎপরতা চালিয়ে যাচ্ছেন উল্লেখ করে মিরপুর ফায়ার সার্ভিস স্টেশনের স্টেশন অফিসার রুহুল আমীন জানান, বাসটি নিয়ন্ত্রণ হারিয়ে পাশের খাদের পানিতে পুরো ডুবে গেছে। খবর পেয়ে আমরা বাসের

ভেতর থেকে ৪ জনকে আহতাবস্থায় জীবিত উদ্ধার করেছি।

কোটচাঁদপুরে মোটরসাইকেল ছিনতাই

ঝিনাইদহের কোটচাঁদপুর-সাফদারপুর সড়কে দেশীয় অস্ত্র হাতে মোটরসাইকেল ছিনতাইয়ের ঘটনা ঘটেছে।
রবিবার (২৬জুলাই) ভোর ৫টার দিকে কোটচাঁদপুর-সাসফদারপুর সড়কে অবস্থিত পুলিশ বক্সের অদূরে ডেঞ্জার জোন বলে খ্যাত বেলেমাঠ এলাকায় এঘটনা ঘটে। এ সময় ছিনতাইকারীরা দেশীয় অস্ত্রের মুখে দুই মোটরসাইকেল আরোহীকে গাছের সাথে হাত পা ও মুখ বেঁধে একটি মোটরসাইকেল, ২টি মোবাইলফোন ও নগদ অর্থ নিয়ে পালিয়ে যায়। এ ঘটনায় ভুক্তভোগীরা কোটচাঁদপুর থানায় একটি লিখিত অভিযোগ করেছেন।
ভুক্তভোগী জীবননগর উপজেলার খয়েরহুদা গ্রামের মৃত রবিউল হকের ছেলে রুহুল আমিন জানান, রবিবার ভোর ৫টার দিকে সে ও তার বন্ধু সজ্জেদ আলী নিজ বাড়ি থেকে মোটরসাইকেলযোগে ব্যবসায়ীক প্রয়োজনে কালিগঞ্জের নলডাঙ্গা বাজারের উদ্দেশ্যে রওনা দেই। পথমধ্যে কোটচাঁদপুর-সাসফদারপুর সড়কের বেলেমাঠ এলাকায পৌঁছালে হাফপ্যান্ট পরিহিত সশস্ত্র ৪/৫ জন দুষ্কৃতকারীরা মোটরসাইকেলের গতিরোধ করে।
পরে তাদেরকে পার্শ¦বর্তী একটি মেহগনী বাগানে নিয়ে হাত পা ও মুখ বেঁধে একটি ১শ ’সিসির (চুয়াডাঙ্গা-হ-১৩-৫৩০১) নাম্বারের মোটরসাইকেল ২টি মোবাইল ফোন ও নগদ ৯’শ টাকা ছিনিয়ে নিয়ে পালিয়ে যায়। পরে মাঠে যাতায়াতকারী এক কৃষক তাদেরকে উদ্ধার করে। এ ঘটনায় রুহুল আমিন বাদী হয়ে রবিবার সকালে কোটচাঁদপুর থানায় একটি লিখিত অভিযোগ দিয়েছেন।
এব্যাপারে কোটচাঁদপুর থানার ডিউটি অফিসার এসআই আব্দুল মান্নান জানান, মোটরসাইকেল ছিনতাইয়ের ঘটনায় লিখিত অভিযোগ হয়েছে। ঘটনাটি ভোরের দিকে হওয়ায় বিষয়টি তদন্তপূর্বক ব্যবস্থ নেওয়া হবে। সেই সাথে দুষ্কৃতকারীদের ধরতে পুলিশি অভিযান অব্যহত রয়েছে। এদিকে রাতে এই সড়কে কোটচাঁদপুর থানাধীন সাফদারপুর পুলিশ ক্যাম্প

নিয়মিত টহল দিলেও প্রায়ই ডাকাতি-ছিনতাইয়ের ঘটনা ঘটছে।

দরবেশপুর মটর শ্রমিক ইউনিয়ন শাখা কমিটির শপথ গ্রহণ

মেহেরপুর জেলা মটর শ্রমিক ইউনিয়নের দরবেশপুর শাখার নব নির্বাচিত কমিটির শপথ গ্রহণ অনুষ্ঠিত হয়েছে।
গতকাল রবিবার বেলা ১২ টায় মোমিনপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয় মাঠে শপথ গ্রহণ অনুষ্ঠিত হয়। মেহেরপুর জেলা মটর শ্রমিক ইউনিয়নের সভাপতি আহসান হাবিব সোনার সভা পতিত্বে শপথ অনুষ্ঠানের প্রধান অতিথি ছিলেন জেলা আওয়া লীগের সভাপতি ও পিরোজপুর ইউ পি চেয়ারম্যান আব্দুস সামাদ বাবলু বিশ্বাস।
বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান মোমিনুল ইসলাম মোমিন, জেলা পরিষদ সদস্য রফিকুল ইসলাম, বারাদী ইউনিয়ন আওয়ামী লীগ সভাপতি শামিম ফেরদৌস, মেহেরপুর জেলা মটর শ্রমিক ইউনিয়নের সাধারণ সম্পাদক মতিয়ার রহমান, ৪ নং নম্বর ওয়ার্ড ইউপি সদস্য আরমান আলি, বারাদী বাজার কমিটির সভাপতি লিয়াকত সদ্দার, সাধারণ সম্পাদক সাজ্জাদুর রহমান। জেলা মোটর শ্রমিক ইউনিয়নের কার্যকরী সভাপতি সৈয়দ সোহেল।
এ সময় নব র্নিবাচিত কমিটির কার্যকরী সভাপতি ইলিয়াস হোসেন সহ-সভাপতি মাসুদ সাধারণ সম্পাদক শফিকুল আজম যুগ্ন-সম্পাদক স্বাধীন শেখ সহ-সাধারণ সম্পাদক খায়রুল ইসলাম সাংগঠনিক সম্পাদক আজমত আলী শ্রমিক কল্যাণ সম্পাদক সেলিম রেজা কোষাধ্যক্ষ সাইদুর রহমান প্রচার সম্পাদক আসলাম লাইন সম্পাদক মিজানুর রহমান সদস্য ১ শরিফুল ইসলাম, সদস্য ২ জাসদ সহ মোটর শ্রমিক ইউনিয়নের বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। উল্লেখ্য, গত ১২ই জুলাই র্নিবাচনের দিন ছিলো। কিন্তু মহামারি করোনার কারণে জেলা পর্েযোয়র নেত্রীবৃন্দের সিদ্ধান্ত মোতাবেক বিনা প্রতিদ্বন্দ্বীতায় সকলে নির্বাচিত হন।